

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.২২০.২২.৯১

তারিখ: ২৬ মাঘ ১৪২৯

০৯ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১১৪৮৩/২০২২ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ১১৪৮৩/২০২২ -এর ০৭/১১/২০২২ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার দোহার উপজেলা পরিষদের উপজেলা শপিং কমপ্লেক্স সেন্টারের দোকান নং-টিন সেড-১, থেকে টিন সেড-৭এর বরাদ্দ বাতিলের বিষয়ে দোহার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ১১/০৯/২০২২ তারিখের ৬১১নং স্মারককে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব নুর আলম এলিয়াছ কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ১১৪৮৩/২০২২ রুজু করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৩(তিন) মাসের Status-quo আদেশ দিয়েছেন। এ রিটের ২নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, ঢাকা।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১১৪৮৩/২০২২ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

৯-২-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.২২০.২২.৯১/১(৫)

তারিখ: ২৬ মাঘ ১৪২৯

০৯ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, উপজেলা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৯-২-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব